গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০০৯.২৩.৬১৮

তারিখ: ১৫ কার্তিক ১৪৩০
৩১ অক্টোবর ২০২৩

বিষয়: **বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ (ঘ) ধারা অনুযায়ী লুব্রিক্যান্ট ইম্পোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ-এর অনুকূলে লাইসেন্স ইস্যু।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ (ঘ) ধারা অনুযায়ী লুব্রিক্যান্ট ইম্পোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ-এর নামে ৩১ অক্টোবর ২০২৩ তারিখে ২১/২০২৩ নম্বর লাইসেন্স মঞ্জুর করা হয়েছে। লাইসেন্সে বর্ণিত শর্তাবলি অবশ্য পালনীয়।

সংযুক্ত: ০১ (এক) ফর্দ।

৩১-১০-২০২৩
সুবর্ণা সরকার
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮ ০২ ৯৫৪০৫৩০
ফ্যাক্স: +৮৮ ০২ ৯৫৪০২১৩
ইমেইল: to2@mincom.gov.bd

আহ্বায়ক
লুব্রিক্যান্ট ইম্পোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ৫৮-৫৯, নর্থ ব্রকহল রোড,
বাংলাবাজার, ঢাকা-১১০০

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০০৯.২৩.৬১৮/১(১১)

তারিখ: ১৫ কার্তিক ১৪৩০
৩১ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
৩) ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা
৪) নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
৫) অতিরিক্ত সচিব, রপ্তানি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬) অতিরিক্ত সচিব, আমদানি ও অভ্যন্তরীণ বাণিজ্য অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০ মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০
৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯) সিনিয়র সচিব মহোদয়ের এর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০) ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ডিজিটিও মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১) সহকারী প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৩১-১০-২০২৩
সুবর্ণা সরকার
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

লাইসেন্স নং- ২১/২০২৩

তারিখ: ১৫ কার্তিক ১৪৩০
৩১ অক্টোবর ২০২৩

**বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩(ঘ) ধারা অনুযায়ী প্রদত্ত লাইসেন্স**

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হয়েছে যে, কতিপয় ব্যক্তি বা ব্যক্তিশ্রেণী লুব্রিক্যান্ট ইম্পোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ-এর নামে বাণিজ্য সংগঠন প্রতিষ্ঠা করে একটি সাধারণ উদ্দেশ্য সাধনে এবং সংগঠনের অন্তর্ভুক্ত ব্যক্তি বা ব্যক্তি শ্রেণীর প্রতিনিধিত্ব করার উদ্দেশ্যে একত্রিত হতে যাচ্ছে এবং

যেহেতু, উক্ত সংগঠনের অর্জিত লাভ এবং অন্যান্য আয় কেবল এ সংগঠনের উন্নতি সাধনকল্পে ব্যয়িত হবে এবং এর সদস্যগণের মধ্যে উক্ত লাভ/লভ্যাংশ হিসেবে বণ্টন করা হবে না;

সেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩(ঘ) ধারা অনুসারে লুব্রিক্যান্ট ইম্পোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ-এর অনুকূলে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে লাইসেন্স প্রদান করা হল:

(ক) বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩(ঘ) ধারা এবং এর আওতাধীন প্রয়োজনীয় সকল শর্তাদি পূরণপূর্বক লাইসেন্স প্রদানের তারিখ হতে ৬০ (ষাট) দিনের মধ্যে সংগঠনটিকে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে সীমাবদ্ধ দায়সহ এর নামের সঙ্গে লিমিটেড শব্দ ব্যবহার না করে নিবন্ধিকরণ করতে হবে;

(খ) সংগঠনটির অনুমোদিত সংঘস্মারক/সংঘবিধিতে সরকার প্রয়োজনে পরবর্তীতে যে কোন সংশোধন/পরিবর্তন আনয়নের ক্ষমতা সংরক্ষন করে;

(গ) যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে নিবন্ধনের পর নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক সত্যায়িত দু'টি ছাপানো সংঘস্মারক/সংঘবিধির কপি এবং নিবন্ধন প্রত্যয়ণ পত্রের দু'টি ফটোকপি মহাপরিচালক, বাণিজ্য সংগঠন-এর নিকট জমা দিতে হবে (অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির একটি কপি এ সঙ্গে সংযুক্ত);

(ঘ) অনুমোদিত সংঘস্মারক/সংঘবিধির কোন বিধান বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ধারা কোন বিধানের সঙ্গে সাংঘর্ষিক হলে আইনের বিধান প্রযোজ্য হবে এবং অনুমোদিত সংঘস্মারক/সংঘবিধির যে কোন অসঙ্গতি বা ত্রুটি সংশোধনপূর্বক নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর ও মন্ত্রণালয়ে উপস্থাপনপূর্বক পুনরায় অনুমোদন গ্রহণ করতে হবে;

(ঙ) সময় সময় সরকার কর্তৃক সংগঠন সংক্রান্ত আরোপিত শর্তাদি এবং বিধি-বিধান অবশ্যই পালনীয় হবে। এ বিষয়ে সরকার কোন নির্দেশনা প্রদান করলে সংগঠনের সংঘস্মারক/সংঘবিধিতে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে;

(চ) লুব আমদানিকারী প্রতিষ্ঠানগুলো বিদেশ থেকে লুব অয়েল আমদানির পূর্বে বিপিসি থেকে পূর্বানুমোদন নিতে হবে এবং আমদানির পর পণ্যের পরিমাণগত তথ্য বিপিসি-কে অবহিত করতে হবে;

(ছ) লুব্রিক্যান্ট ইম্পোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ' সরকারের যে কোন দপ্তর/সংস্থা/এজেন্সী চাহিত তথ্য সরবরাহে বাধ্য থাকিবে;

(জ) বিএসটিআই কর্তৃক নির্ধারিত মান নিশ্চিত করে লুব অয়েল আমদানি করতে হবে;

(ঝ) নিবন্ধনের পর ৬০ (ষাট) দিনের মধ্যে ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি-এর নিকট সদস্যভুক্তির জন্য আবেদন করতে হবে;

(ঞ) সংগঠনের জন্য আবশ্যিকভাবে স্থায়ী অফিস প্রতিষ্ঠা করতে হবে;

(ট) নিবন্ধনের পর ০১ (এক) মাসের কম নয় বা ০৩ (তিন) মাসের অধিক নয় এ সময়ের মধ্যে সংগঠনের প্রথম সাধারণ সভা আহবান করতে হবে এবং ০৬ (ছয়) মাসের মধ্যে নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করতে হবে;

(ঠ) সংগঠনটি সরকার এবং জনস্বার্থের পরিপন্থী কার্যক্রম বা রাষ্ট্র বিরোধী কোন তৎপরতায় লিপ্ত হবে না;

(ড) বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর কোন বিধান এবং উপরে বর্ণিত ও সংঘস্মারক/সংঘবিধিতে উল্লিখিত শর্তাবলীর কোনরূপ বরখেলাপ বা লঙ্ঘন করা হলে এ সংগঠনকে প্রদত্ত লাইসেন্স বা নিবন্ধিকরণের কোন কার্যকারিতা বহাল থাকবে না এবং আইনের দৃষ্টিতে এই লাইসেন্স অচল বলে গণ্য হবে।

এ লাইসেন্স দু'হাজার তেইশ সনের অক্টোবর মাসের একত্রিশ তারিখে আমার স্বাক্ষরে প্রদত্ত হলো।

৩১.১০.২০২৩

মালেকা খায়রুন্নেছা
অতিরিক্ত সচিব
মহাপরিচালক, বাণিজ্য সংগঠন